অধ্যক্ষ

প্রকৌশলী মোঃ মাহবুব হায়দার

প্রকৌশলী মোঃ মাহাবুব হায়দার ১০ ফেব্রুয়ারী ২০২২ খ্রিস্টাব্দে তারিখে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে অধ্যক্ষ পদে যোগদান করেন। ইতোপূর্বে তিনি মাদারীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ পদে কর্মরত ছিলেন।

কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন পলিটেকনিক ইনস্টিটিউটে জুনিয়র ইন্সট্রাকক্টর হিসাবে ১৯৯৪ সালের ৩০ অক্টোবর তারিখে সিলেট পলিটেকনিক ইনস্টিটিউটে মেকানিক্যাল টেকনোলজিতে যোগদান করেন। তিনি দীর্ঘ সময় সিলেট ও ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউটে শিক্ষক হিসাবে দায়িত্ব পালন করেছেন। তিনি ২০০৪ সালের ১ এপ্রিল তারিখে যশোর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে অধ্যক্ষ পদে যোগদান করেন, পরবর্তীতে দীর্ঘ সময় ঝিনাইদহ, মানিকগঞ্জ, নরসিংদী ও মাদারীপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে দক্ষতার সাথে অধ্যক্ষ পদের দায়িত্ব পালন করেছেন।

তিনি নরসিংদী সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে কর্মরত অবস্থায় স্টেপ প্রকল্পের আওতায় বিভিন্ন অকুপেশনে স্কিলস ডেভেলপমেন্ট প্রোগ্রাম, স্কিলস ফর এম্প্লয়মেন্ট ইনভেসমেন্ট প্রোগ্রামের আওতায় পাঁচটি অকুপেশনে কম্পিটেন্সি বেসড ট্রেনিং এবং এনটিভিকিউএফ লেভেল ১-২ এসেসমেন্ট দক্ষতার সাথে পরিচালনা করেছেন। তিনি নিজেও কম্পিউটার আইটি এর উপর লেভেল-৪ এসেসর দক্ষতা সার্টিফিকেট অর্জন করেছেন।

তিনি ১৯৯৫ সালে বাংলাদেশ ইনস্টিটিউট অফ টেকনোলজি (বিআইটি) বর্তমান ঢাকা ইউনিভার্সিটি অব ইঞ্জিনিয়ারিং টেকনোলজি (ডুয়েট) গাজীপুর হতে বিএসসি ইন ইঞ্জিনীরিং (মেকানিক্যাল) ডিগ্রী অর্জন করেন। পরবর্তীতে তিনি এশিয়ান ইউনিভার্সিটি অব বাংলাদেশ (এআইইউবি) থেকে মাস্টার্স অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশন (এমআইএস) ডিগ্রী অর্জন করেন। এছাড়াও তিনি কুষ্টিয়া ইসলামিক ইউনিভার্সিটি থেকে ইনফরমেশন অ্যান্ড কমিউনিকেশন টেকনোলজির উপর পোস্ট গ্রাজুয়েট ডিপ্লোমা ডিগ্রী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে ডিপ্লোমা ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন ডিগ্রি অর্জন করেছেন।

তিনি মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং এর পাশাপাশি কম্পিউটার বিষয়ের উপর অনেক প্রশিক্ষণ ও অবদান রেখেছেন। তিনি উইন্ডোজ অপারেটিং সিস্টেম, লিনাক্স অপারেটিং সিস্টেম, ডাটাবেজ প্রোগ্রামিং, এসকিউএল, জাভা প্রোগ্রামিং, অটোক্যাড, গ্রাফিক্স ডিজাইনসহ বিভিন্ন প্যাকেজ প্রোগ্রাম এর উপর দক্ষতা অর্জন করেছেন। তিনি প্রকৌশল ডিপ্লোমা স্তরের ক্যাড অ্যান্ড ক্যাম, সি-প্রোগ্রামিং ল্যাংগুয়েজসহ অনেক পান্ডুলিপি রচনা করেছেন। তিনি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের জেনারেল মেকানিক্স ১ ও ২ বইয়ের পরিমার্জনের কাজ দক্ষতার সাথে সম্পন্ন করেছেন। তিনি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড বাংলাদেশ কর্তৃক প্রকাশিতব্য কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক ২০২২ শিক্ষাবর্ষ হতে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম ও দশম শেণির নির্ধারিত পাঠ্যপুস্তক মেশিন অপারেশন বেসিকস ১ ও ২ বইয়ের পান্ডুলিপি প্রণয়ন করেছেন যা প্রকাশনা প্রক্রিয়াধীন রয়েছে।

তিনি দেশের মধ্যে ২০০৪ সালে বিয়াম ফাউন্ডেশন কর্তৃক Office Management Course , ২০০৬ সালে সিপিএসসি কর্তৃক দুই সপ্তাহ ব্যাপী In- Country program on: Competency Based Training , ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ কর্তৃক Administration and Management, কারিগরি শিক্ষা

অধিদপ্তর কর্তৃক The Public Procurement Regulation-২০০৩, ২০০৭ সালে বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় কর্তৃক The Public Procurement management in Bangladesh, ২০০৮ , ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ কর্তৃক Organizational Behaviour & Management off Educational Institutional, Performance Auditing as a Modern tool of Auditing & Audit Management & Settlement of Audit Observations, ২০০৯ সালে কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক Shrijanshil (Creative) Question, ২০১১ সালে সিপিএসসি কর্তৃক এক সপ্তাহ ব্যাপী Champion Leaders Development Program for TVET Skills for Poverty Alleviation, টেকনিক্যাল টিচার্চ ট্রেনিং কলেজ কর্তৃক Competency Base training Program, ২০১২ সালে বাংলাদেশ স্কাউট-রোভার অঞ্চল গাজীপুর কর্তৃক Rover Scout Group President Course, মানিকগঞ্জ জেলা প্রশাসন কর্তৃক National Portal Framework Training for the govt. officers, ২০১৩ সালে সিপিএসসি কর্তৃক এক সপ্তাহ ব্যাপী Strategic Planning of TVET Institutions, পায়াক্ট (PIACT বাংলাদেশ) কর্তৃক Core Trainer Training on HIV & ADIS , ২০১৫ সালে ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি ঢাকা বাংলাদেশ কর্তৃক Leadership and Management Development in TVET, ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ, গজারিয়া কর্তৃক ৩ তিন সপ্তাহ ব্যাপী Public Procurement Reform Project (PPRP-II) at ESCB Gazaria, Munshiganj. ২০১৬ সালে টেকনিক্যাল টিচার্চ ট্রেনিং কলেজ কর্তৃক Industry-Academic Collaborations and Partnership, ২০১৭ স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম কর্তৃক Management Training Program, ইঞ্জিনিয়ারিং ষ্টাফ কলেজ কর্তৃক Public Procurement Management & e-GP By ESCB and STEP, ২০১৮ সালে দোহাটেক (Dohatec) কর্তৃক National e-Government Procurement (e-GP) Portal as Procuring Entity (PE) User, বিয়াম ফাউন্ডেশন কর্তৃক তিন সপ্তাহ ব্যাপী Public Procurement Management Training Course সমূহ কৃতিত্তের সাথে সম্পন্ন করেন।

তিনি বিদেশে ২০১৫ সালে টেসডা (TESDA) ম্যানিলা, ফিলিপাইন কর্তৃক এক সপ্তাহ ব্যাপী Leadership Training program for the principal TSC of the Govt. Republic of Bangladesh, ২০১৬ সালে দুই সপ্তাহ ব্যাপী Ministry of Foreign Affairs of P.R China Vocational Education for Officials from South Asia, ২০১৭ সালে দুই সপ্তাহ ব্যাপী Pedagogy Training Program By ITE Education Service Singapore, স্কিলস ফর এমপ্লয়মেন্ট ইনভেস্টমেন্ট প্রোগ্রাম কর্তৃক চায়নাতে Mid Level Manager Management Training ৭th Batch China By STEP সমূহ কৃতিত্তের সাথে সম্পন্ন করেন।

তিনি উদ্ভাবনী আইডিয়ার আওতায় কয়েকটি সফটওয়্যার ডেভলপ করেছেন। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন প্রতিষ্ঠান সমূহের জন্য উদ্ভাবনী প্রকল্প হিসাবে মোবাইল অ্যাপস ইনস্টিটিউট ম্যানেজমেন্ট সিস্টেম নির্বাচিত হয়েছে। এছাড়া সেন্ট্রাল মনিটরিং সিস্টেম এবং টেকনিকাল ইনস্টিটিউট ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার ডেভেলপ করেছেন যা পাইলিং এর জন্য প্রক্রিয়াধীন রয়েছে। তিনি এখন নতুন সফটওয়্যার ই-লার্নিং এডুকেশন ম্যানেজমেন্ট নিয়ে কাজ শুরু করছেন। সরকারি সহযোগীতা পেলে খুব শীঘ্রই এটির প্রশার করবনে। ইনস্টিটিউড অব ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ (F-৭৯৯৯), বাংলাদেশ কম্পিউটার সোসাইটি (AM০৫৩৩৭) ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স (৩৮৭৯৮) এর একজন গর্বিত সদস্য।

তিনি সিরাজগঞ্জ জেলা উল্লাপাড়া উপজেলার চর তারাবাড়িয়া গ্রামে এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে ১৯৬৯ সালের ৩ আগষ্ট তারিখে জন্ম গ্রহন হরে। বর্তমানে তিনি ঢাকার মাহনগর প্রজেক্ট হাতিরঝিল এলাকায় স্থায়ীভাবে বসবাস করেন। পারিবারিক জীবনে তিনি বিবাহিত তার সহধর্মিনী ছাবরিনা মমতাজ একজন ডিপ্লোমা প্রকৌশলী ও গ্রহিনী এবং তাদের একজন পুত্র সন্তান ও একজন কন্যা সন্তান রয়েছে।